## নেত্রকোণা সদর উপজেলা পরিষদের নভেম্বর ২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : আসমা বিনতে রফিক, প্রশাসক, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
সভার তারিখ : ২০.১১.২০২৫ খ্রি.
সভার সময় : বেলা ১১.০০ টা
সভা নং : ১৮

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক ও খ দ্রষ্টব্য :

প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা কর্তৃক সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। পরবর্তীতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনো প্রকার সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর উপজেলার বিভিন্ন দপ্তরের সার্বিক কার্যক্রমের উপর আলোচনাক্রমে নিম্নবর্ণিত সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তার প্রতিনিধি জানান যে, ০৯ মাস হতে ১৫ বছর বয়সী শিশুদের টাইফয়েডের ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুন্দরভাবে সমাপ্ত হয়েছে। এ বিষয়ে ক্যাম্পেইন সফল করার জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি আরও জানান কমিউনিটি ক্লিনিক থেকে বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্য সেবা ও ২৭ ধরনের ঔষধ প্রদান করা হয়। কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিত থাকার জন্য এএইচআইদের দিয়ে তদারকি করানো হয়। প্রতিমাসে অন্তত ০৩ টি কমিউনিটি ক্লিনিক ও মাঠ পর্যায়ে স্বাস্থ্য কর্মসূচির বিভিন্ন কার্যক্রম তদারকি ও পরিদর্শন করা হয়। | (ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরনের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(গ) প্রতিমাসে অন্তত ০৩ টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে। প্রদান করতে হবে।<br>(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা নেত্রকোণা সদর<br>ইউপি চেয়ারম্যান/ প্রশাসক (সকল) |
| ২. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৫-২৬ রোপা আমন মৌসুমে আমন ধান কর্তন শুরু হয়েছে। হাইব্রিড ৫০ হেক্টর, উফশী ১৬৭৫ হেক্টর, স্থানীয় ০ হেক্টর, মোট ১৭২৫ হেক্টর কর্তন শেষ হয়েছে। গড় ফলন যথাক্রমে ৪.১০, ৩.১৫, ০০ মে.টন (চাউলে)। রবি মৌসুমে বিভিন্ন ফসল গম, ভুট্টা, আলু, মিষ্টি আলু, শীতকালীন সবজি, সরিষা, চীনা বাদাম, সূর্যমুখী, তিল, তিসি, মাসকলাই, মসুর, মুগ, খেসারী, অড়হড়, পেয়াঁজ, রসুন, ধনিয়া, মরিচ, কালোজিরা আবাদ কার্যক্রম চলমান রয়েছে। উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক কৃষকদের পাশে থেকে ফসলের পোকা মাকড় রোগ বালাই দমনসহ তরল জৈব বালাইনাশক ও তরল জৈব সার তৈরি করে মাঠে প্রয়োগের মাধ্যমে সম্প্রসারণের চেষ্টা করছেন। সুষম সার ব্যবহার ও অন্যান্য প্রযুক্তি ব্যবহারে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন।<br>তিনি আরও জানান ১৮/১১/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত রাসায়নিক সার ইউরিয়া-৫১৯ মে.টন, টিএসপি ৮৭ মে.টন, এমওপি ১৫৬ মে.টন, ডিএপি ১০৯ মে.টন মজুদ আছে। রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। | (ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণ ও পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) ইউনিয়নওয়ারি বিভিন্ন প্রকার সার কি পরিমাণ মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঙ) সারের বরাদ্দ ও বিতরণের তথ্যাদি ইউনিয়ন পরিষদের হোয়াটস্ অ্যাপ গ্রুপে প্রদান করতে হবে।<br>(চ) মাসিক সার্বিক কার্যক্রম | উপজেলা কৃষি অফিসার নেত্রকোণা সদর |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | সভায় উপস্থাপন করতে হবে। | |
| ৩. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | (ক) নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে।<br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার নেত্রকোণা সদর |
| ৪. | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন-২০১০ অনুযায়ী বিভিন্ন মাছ বাজারে অভিযান পরিচালনা চলমান আছে। ০২ টি খুচরা মৎস্য খাদ্য বিক্রয়কারী প্রতিষ্ঠান হতে মৎস্যখাদ্যে গুণগতমান পরীক্ষা করার জন্য মৎস্যখাদ্য নমুনা সংগ্রহ করা হয় (ক্যাটাগরি-৪(খ))। বিভিন্ন ইউনিয়নে চাষীদের মৎস্য সচেতনতা বৃদ্ধি বিষয়ক কার্যক্রম চলমান রয়েছে। সচেতনতা বৃদ্ধির আওতায় অভয়াশ্রম রক্ষণাবেক্ষণ, মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ বিষয়ক লিফলেট বিতরণ এবং মাইকিং এর মাধ্যমে সচেতনতামূলক প্রচারণা কার্যক্রম চলমান রয়েছে।<br><br>তিনি আরও জানান, রাজস্ব বরাদ্দের আওতায় ০২ টি স্থাপিত মৎস্য অভয়াশ্রম ০১. ভাওয়াল বিল, কাঞ্চনপুর, মৌগাতী ও ০২. কংশ নদী, জংগলবড়ওয়ারী, মেদনী, নেত্রকোণা সদর, নেত্রকোণায় মৎস্য অভয়াশ্রম মেরামত কাজ সম্পন্ন হয়েছে। রাজস্ব বরাদ্দের আওতায় ০১ টি প্রদর্শনী খামার স্থাপন করা হয়। প্রদর্শক চাষি মো: জাকির আলম, তাঁতিয়র, ঠাকুরাকোণা, নেত্রকোণা সদর, নেত্রকোণা। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে দৃষ্টি রাখতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে সরেজমিন পরিদর্শন করে মৎস্যজীবী ও খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>(গ) নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল ও মাছ ধরার উপকরণ ব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) ইউপি চেয়ারম্যান/প্রশাসকগণ জলাশয়ে অবৈধ বাঁধ অথবা স্থাপনা অপসারণের জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন।<br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার নেত্রকোণা সদর |
| ৫. | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর প্রকল্প গ্রহণ কাজ সমাপ্ত হয়েছে। প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | (ক) দ্রুততম সময়ের মধ্যে টেন্ডার কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) বিগত বছরের প্রকল্পগুলোর বর্তমান অবস্থা তদারকি করতে হবে। | উপজেলা প্রকৌশলী নেত্রকোণা সদর নেত্রকোণা ও সংশ্লিষ্ট চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | (ক) নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে।<br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নেত্রকোণা সদর |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | (ক) নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে।<br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নেত্রকোণা সদর |
| ৮. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, অক্টোবর/২০২৫ মাসে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও ০৩ জন উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক সর্বমোট ৩৬ টি বিদ্যালয় পরিদর্শন করা হয়েছে এবং নিয়মিত বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। উপজেলার সকল শিক্ষকের অংশগ্রহণে পৃথক পৃথক ক্লাস্টারে অনুষ্ঠিত সাব-ক্লাস্টার প্রশিক্ষণে প্রধান শিক্ষকগণের মাসিক সমন্বয় সভায় বিদ্যালয়ে যথাসময়ে উপস্থিতির বিষয়ে সরকারি বিধি-বিধান সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে এবং উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসারদের | (ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করত হবে। | উপজেলা শিক্ষা অফিসার নেত্রকোণা সদর |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সমন্বয়ে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। শিক্ষার্থীদের ঝড়ে পড়া রোধে বিদ্যালয় পর্যায়ে নিয়মিত হোম ভিজিট, উঠান বৈঠক ও অভিভাবক সমাবেশ কার্যক্রম চালু আছে। এছাড়া বিদ্যালয় পর্যায়ে স্কুল ফিডিং কার্যক্রমের আওতায় শিশুখাদ্য প্রদানের ফলে ঝড়ে পড়ার হার উল্লেখযোগ্য হারে কমছে। বিদ্যালয়ের আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে প্রধান শিক্ষকগণের মাসিক সমন্বয় সভায় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে এবং বিদ্যালয় পরিদর্শনের সময় পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়টি গুরুত্বসহকারে পর্যবেক্ষণসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে সরকারি নির্দেশনা মোতাবেক ম্যানেজিং কমিটির কার্যক্রম আপাতত স্থগিত রয়েছে। বর্তমানে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এডহক কমিটি দ্বারা সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। উপজেলার ২০১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বনবিভাগ হতে সরবরাহকৃত বৃক্ষসমূহ যথাযথভাবে রোপন করা হয়েছে এবং এগুলো পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম বিদ্যালয় পরিদর্শনকালীন পর্যবেক্ষণ করা হচ্ছে। তাছাড়া মদনপুর ইউনিয়নের মনাং সরকারি প্রাথমিক বিদ্যালয় অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত হয়েছে। | (গ) শিক্ষার্থীদের ঝড়ে পড়া রোধ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই সে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) বিদ্যালয়গুলোতে নিয়মিত অভিভাবক ও মা সমাবেশ হচ্ছে কি না তা তদারকি করতে হবে।<br>(ছ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | |
| ৯. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরের টিআর, কাবিটা ও কাবিখার প্রকল্পের কাজ শুরু করার জন্য অগ্রীম হিসাবে বিল প্রদান করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) নীতিমালা অনুযায়ী সকল প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, নেত্রকোণা সদর উপজেলার আমন সংগ্রহ ২০২৫-২০২৬ এর লক্ষ্যমাত্রা যথাক্রমে ধান ১৭৭.০০০ মে.টন ও সিদ্ধ চাল ১১,৪৪০.০০০ মে.টন। প্রতি কেজি ধানের মূল্য ৩৪ (চৌত্রিশ) টাকা ও প্রতি কেজি সিদ্ধ চালের মূল্য ৫০ (পঞ্চাশ) টাকা নির্ধারণ করা হয়েছে। আমন সংগ্রহের সময়সীমা ২০/১১/২০২৫ খ্রি. হতে ২৮/০২/২০২৬ খ্রি. পর্যন্ত চলবে। আমন সংগ্রহ সফল করার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। খাদ্যবান্ধব কর্মসূচির বিতরণ কার্যক্রম চলমান আছে। খাদ্যবান্ধব উপকারভোগীদের মধ্যে যে সকল উপকারভোগী মৃত্যুবরণ করেছেন তাদের মৃত্যু নিবন্ধন সনদ ও মৃত ব্যক্তির পরিবর্তে নতুন ভোক্তার তালিকা দ্রুত সময়ের মধ্যে দেওয়ার জন্য ইউনিয়ন পরিষদ প্রসাশক/চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। নেত্রকোণা পৌরসভায় ০৯ (নয়) টি ওএমএস দোকান হতে চাল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া খাদ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (ক) বর্তমানে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য ও খাদ্যশস্য কি পরিমাণ মজুদ আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিতরণের সময় প্রত্যেক ডিলারের কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>(গ) ২০২৫-২০২৬ অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী কি পরিমাণ ধান ও চাল সংগ্রহ করা হয়েছে তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার নেত্রকোণা সদর |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বয়স্ক ভাতাভোগীর নিজ এনআইডি দিয়ে নিবন্ধিত মোবাইল ব্যাংকিং নম্বরে ভাতার অর্থ প্রদান করা হবে মর্মে সমাজসেবা অধিদপ্তরের নির্দেশনা রয়েছে। এই লক্ষ্যে নেত্রকোণা সদর উপজেলার ভাতাভোগীদের নিজ এনআইডি দিয়ে সিম নিবন্ধনের জন্য একটি কর্মপরিকল্পনা নেওয়া হয়েছে। আগামী ২৫/১১/২০২৫ তারিখ হতে বয়স্ক ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন ও নিজস্ব এনআইডি দিয়ে মোবাইল ব্যাংকিং নিশ্চিতের কাজ শুরু হবে। পর্যায়ক্রমে বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের ক্ষেত্রেও এই কর্মসূচি শুরু হবে। লাইভ ভেরিফিকেশন কার্যক্রমের সময়সূচি:<br>০১। মৌগাতী ইউনিয়ন পরিষদে ২৫ থেকে ২৭ নভেম্বর ২০২৫ সকাল- ৯.০০ টা হতে বিকাল- ৫.০০ টা পর্যন্ত<br>০২। মেদনী ইউনিয়ন পরিষদে ২৫ থেকে ২৭ নভেম্বর ২০২৫ সকাল- ৯.০০ টা হতে বিকাল- ৫.০০ টা পর্যন্ত<br>০৩। চল্লিশা ইউনিয়ন পরিষদে ২৫ থেকে ২৭ নভেম্বর ২০২৫ সকাল- ৯.০০ টা হতে | (ক) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা, স্বামী পরিত্যক্তা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) প্রতি মাসে মৃত্যুবরণকারী বয়স্ক ভাতাভোগীদের ভাতা কার্যক্রম বন্ধ করতে হবে এবং | উপজেলা সমাজসেবা অফিসার নেত্রকোণা সদর<br>চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিকাল- ৫.০০ টা পর্যন্ত | বিধি মোতাবেক প্রতিস্থাপন করতে হবে।<br>(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে | |
| ১২. | উপজেলা মহিলা বিষয়ক অফিস | প্রোগ্রাম অফিসার, উপজেলা মহিলা বিষয়ক অফিস জানান যে, ২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ অর্থবছরের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় সদর উপজেলার ১২ টি ইউনিয়নের ভাতাভোগীদের জুলাই/২০২৩ হতে জুন/২০২৫ পর্যন্ত জিটুপি সিস্টেমে ভাতা বিতরণ অব্যাহত আছে। জুলাই/২০২৫ হতে জুন/২০২৬ পর্যন্ত প্রতি মাসের ০১-২০ তারিখ পর্যন্ত নীতিমালার আলোকে অনলাইন আবেদন করতে পারবে।<br>২০২৫-২০২৬ অর্থ বছরের ভালনারেবল উইমেন বেনিফিট (বিডব্লিউবি) কার্যক্রমের আওতায় জুলাই/২০২৫ হতে জুন/২০২৭ পর্যন্ত চূড়ান্ত নির্বাচিত উপকারভোগীদের মাঝে খাদ্য (পুষ্টি চাল) বিতরণ চলমান থাকবে। নেত্রকোণা সদর উপজেলায় কোনো বাল্যবিবাহ সংগঠিত হয়নি। ১২ টি ইউনিয়ন ও পৌরসভায় কিশোর-কিশোরী ক্লাব চলমান রয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | (ক) ভিডব্লিউবি এবং মা ও শিশু সহায়তা কার্যক্রমের আপডেট তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) প্রতিমাসে প্রত্যেক ইউনিয়নে একটি করে বাল্য বিবাহ প্রতিরোধ সভা করতে হবে।<br>(গ) কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম সচল রাখতে হবে এবং কতটি কিশোর কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। যেসকল কিশোর কিশোরী ক্লাবে বিভিন্ন পদ শূন্য রয়েছে তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে। শূন্য পদসমূহ জরুরি ভিত্তিতে পূরণ করতে হবে।<br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা ইউনিয়ন কমিটি থেকে উপজেলা কমিটিতে দ্রুত পাঠাতে হবে।<br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১৩. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা সদর জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপসমূহের বাকি ১০০ টি নলকূপ এর কাজের ১০০ টির বোরিং এর কাজ শেষ এবং ১০০ টির প্লাটফর্ম ও ট্যাংকিসহ কাজ শেষ হয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরে বরাদ্দকৃত গভীর নলকূপ এর কাজ শুরু হয়েছে। বরাদ্দকৃত ১৪৪ টি গভীর নলকূপ এর ১৪৩ টি বোরিং কাজ সমাপ্ত হয়েছে এবং প্লাটফর্ম এর কাজ চলমান। বন্যায় ক্ষতিগ্রস্ত পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুনঃনির্মাণে জরুরি সহায়তা (জিওবি-এডিবি) প্রকল্পের আওতায় ৪৩ টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপের বোরিং, প্লাটফর্ম ও ট্যাংকির কাজ শেষ হয়েছে। এছাড়াও উক্ত প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নেত্রকোণা সদরে ৩ টি পাবলিক টয়লেট এর সাইট ইউএনডিপির (UNDP) সহায়তায় নির্বাচন করা হয় এবং উক্ত সাইটের দুইটির কাজ (ছাদ ঢালাই) শুরু হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুনঃনির্মাণে জরুরি সহায়তা (জিওবি-এডিবি) প্রকল্পের আওতায় ২ টি মিনি ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট এর কাজ (দুটি উৎপাদক নলকূপ) চলমান রয়েছে। এছাড়াও সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্প এর আওতায় নেত্রকোণা জেলার সদর উপজেলার মদনপুর ইউনিয়নে হযরত শাহ সুলতান কমর উদ্দিন রুমী (রঃ) এর মাজারে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই এর ওভার হেড ট্যাংক এবং বাউন্ডারি দেয়াল এর কাজ ও পাইপ লাইনের কাজ শেষ হয়েছে। সদর উপজেলার PEDP-4 প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলির ওয়াশ ব্লক ও নলকূপ এর কাজ চলমান এবং ১২০ টি ওয়াশ ব্লক এর কাজ সমাপ্ত হয়েছে। বাকীগুলির কাজ চলমান রয়েছে। এছাড়াও PEDP-4 প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলির সমাপ্তকৃত ও চলমান ওয়াশ ব্লক এর কাজ প্রতিনিয়ত পর্যবেক্ষণ এ রাখা হয়েছে। | (ক) গভীর নলকূপসমূহ যথাযথভাবে স্থাপন করতে হবে।<br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অধিদপ্তর নেত্রকোণা সদর |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের আওতায় উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, পল্লী উদ্যোক্তা ঋণ (এসএমই) কর্মসূচি, বীর | (ক) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করতে হবে। | পল্লী উন্নয়ন কর্মকর্তা নেত্রকোণা সদর |

CamScanner

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ, আত্মকর্মসংস্থান কর্মসূচি ও অপ্রধান শস্য কর্মসূচির কার্যক্রম চলমান রয়েছে।<br>বর্ণিত কার্যক্রমসমূহের অগ্রগতি নিম্নরুপ :<br>
<table>
<tr><th>কার্যক্রম</th><th>মাসে বিতরণ (লক্ষ টাকায়)</th><th>মাসে আদায় (লক্ষ টাকায়)</th><th>বিতরণ (লক্ষ টাকায়)</th><th>আদায় (লক্ষ টাকায়)</th><th>আদায়ের হার</th></tr>
<tr><td>পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচি</td><td>৬.৭৫</td><td>৭.৮৪</td><td>৩৫১.১২</td><td>২৮৫.১৮</td><td>৯৪%</td></tr>
<tr><td>মহিলা উন্নয়ন কর্মসূচি</td><td>০.০০</td><td>০.৩৮</td><td>৯৭৫.৪৬</td><td>৯৬৭.৩১</td><td>৯৮%</td></tr>
<tr><td>আবর্তক (কৃষি ঋণ) কর্মসূচি</td><td>৪.১৭</td><td>১.৩৩</td><td>১৪৭.৩৬</td><td>১২৯.৮৬</td><td>৯০%</td></tr>
<tr><td>অপ্রধান শস্য ঋণ কর্মসূচি</td><td>৩.৭৩</td><td>৩.০৮</td><td>১৮৪.৫০</td><td>১৪৫.২৬</td><td>৯৭%</td></tr>
<tr><td>সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি</td><td>০.০০</td><td>০.৩১</td><td>২৯৬.৫২</td><td>২৩৫.৬৪</td><td>৮২%</td></tr>
<tr><td>পল্লী প্রগতি কর্মসূচি</td><td>০.০০</td><td>০.০৪</td><td>৬৩.১০</td><td>৪৭.২৬</td><td>৭৫%</td></tr>
<tr><td>বীর মুক্তিযোদ্ধা কর্মসূচি</td><td>০.০০</td><td>০.১০</td><td>৩০.২৬</td><td>২২.৭৮</td><td>৭৫%</td></tr>
<tr><td>মোট</td><td>১৪.৬৫</td><td>১৩.০৮</td><td>২০৪৮.৩২</td><td>১৮৩৩.২৯</td><td>৯৩%</td></tr>
</table>
</td>
<td>(খ) যে সকল আশ্রয়ণ প্রকল্পে এখনও সমিতি গঠন করা হয়নি সেসকল আশ্রয়ণে সমিতি গঠন করতে হবে।<br><br>(গ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td></td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>সমবায় বিভাগ</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, নেত্রকোণা সদর উপজেলায় নবনির্মিত আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের নিয়ে ০৫ টি ভিন্ন ভিন্ন এলাকায় ০৫ টি সমবায় সমিতি গঠন করা হয়েছে। এগুলো নিম্মরূপ :<br>১। বড়গাড়া গোপালপুর আশ্রয়ণ সমবায় সমিতি লি., বড়গাড়া গোপালপুর, ইউনিয়ন: রৌহা, নেত্রকোণা সদর।<br>২। বড়গাড়া নদীরপাড় আশ্রয়ণ সমবায় সমিতি লি., বড়গাড়া নদীরপাড়, ইউনিয়ন: রৌহা, নেত্রকোণা সদর।<br>৩। নগুয়া কুশলগাঁও আশ্রয়ণ সমবায় সমিতি লি., নগুয়া কুশলগাঁও, ইউনিয়ন: মৌগাতী, নেত্রকোণা সদর।<br>৪। তাঁতিয়র চরপাড়া আশ্রয়ণ সমবায় সমিতি লি., তাঁতিয়র চরপাড়া, ইউনিয়ন: ঠাকুরাকোণা, নেত্রকোণা সদর।<br>৫। ঢুলিগাতী আশ্রয়ণ সমবায় সমিতি লি., ঢুলিগাতী ইউনিয়ন: লক্ষীগঞ্জ, নেত্রকোণা সদর।<br>এসব আশ্রয়ণ সমিতিতে প্রকল্প দপ্তর হতে বরাদ্দ না পাওয়ায় কোনো সরকারি ঋণ প্রদান সম্ভব হয়নি।<br>এ উপজেলায় মোট অডিটযোগ্য ১১৫টি সমবায় সমিতির মধ্যে নভেম্বর ২০২৫ মাস পর্যন্ত ১০৯ টি সমবায় সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে সম্পাদিত অডিটের ভিত্তিতে অডিট ফি ও ভ্যাট বাবদ ২৭৩৭/- টাকা ধার্য করা হয় এবং নভেম্বর ২০২৫ মাস পর্যন্ত মোট ২৭৩৭/- টাকা আদায় করা হয়। ২০২৪-২০২৫ অর্থবছরে সমবায় উন্নয়ন তহবিল ৭১২/- ধার্য করা হয় এবং সাকুল্য টাকা আদায় করা হয়।<br><br>হাতকুন্ডলী আশ্রয়ণ প্রকল্পে আদায়যোগ্য ঋণ (ঘূর্ণায়মান) ২৩,৩৮,০০০/- টাকা, ক্রমপুঞ্জিভূত আদায় ১৪,৭৩,৩৬৬/- টাকা। এমাসে আদায় ২৩০০/- টাকা।<br><br>মালনী আশ্রয়ণ প্রকল্পে আদায়যোগ্য ঋণ (ঘূর্ণায়মান) ১৪,০৬,৫০০/- এবং ক্রমপুঞ্জিভূত আদায় ১২,০৪,০৭৩/- টাকা। এ মাসে আদায় ১০৫০/- টাকা। ২০২৫-২০২৬ অর্থবছরে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ হয়নি।</td>
<td>(ক) যেসকল আশ্রয়ণ প্রকল্পে সমিতি গঠন করা হয়েছে সেসকল আশ্রয়ণ প্রকল্পে ঋণ বিতরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা সমবায় অফিসার নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিস</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, প্রতি অর্থবছরে ১৪ টি ব্যাচে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ হয়ে থাকে। ১৮-৩৫ বছর বয়সী শিক্ষিত ও অর্ধশিক্ষিত বেকার যুবদেরকে ৩০ জন করে একই ব্যাচে এককে এলাকায় বিভিন্ন ট্রেডে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। তিনি আরও বলেন খামারী (ডেইরী/পলট্রি) যুবদেরকে সহজ শর্তে বায়োগ্যাস প্লান্ট স্থাপনে প্রশিক্ষণ ও ঋণ দিয়ে পরিবেশের ভারসাম্য রক্ষায় যুব উন্নয়ন</td>
<td>(ক) বিভাগীয় কার্যক্রম আরও কার্যকর ও গতিশীল করতে হবে।<br>(খ) উপজেলা যুব উন্নয়ন অফিস হতে প্রশিক্ষণ গ্রহণের</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নেত্রকোণা সদর</td>
</tr>
</table>

CamScanner

<table>
<tr><td></td><td></td><td>কাজ করছে। এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।</td><td>পর প্রশিক্ষণার্থীগণ তা কাজে লাগাচ্ছে কি না তা তদারকি করতে হবে।</td><td></td></tr>
<tr><td>১৭</td><td>পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>(ক) দপ্তরে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা জানান তার দপ্তরের মাইক্রোক্রেডিট কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>(ক) প্রশিক্ষণ কার্যক্রমের বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ক্ষুদ্র ঋণ গ্রহীতাদের কার্যক্রম তদারকি করতে হবে।<br>(গ) দাপ্তরিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে।</td><td>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৯</td><td>বন বিভাগ</td><td>ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>(ক) কোনো গাছ কর্তনের প্রয়োজন হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে।<br>(গ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td><td>ভারপ্রাপ্ত কর্মকর্তা, সোসাল ফরেস্টি নার্সারি এন্ড ট্রেনিং সেন্টার</td></tr>
<tr><td>২০</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় নেত্রকোণা সদর শাখায় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিম্নরুপ:<br>(ক) মোট কর্মকর্তা-কর্মচারী : ২৮ জন<br>(খ) মোট সদস্য : ১১,৯২৯ জন<br>(গ) ঋণী সদস্য : ৮,৬৯৯ জন<br>(ঘ) ঋণস্থিতি : ২,৪৮৫ লক্ষ টাকা<br>(ঙ) ওভারডিও : ১,৬০৮ লক্ষ টাকা
<table>
<tr><td colspan="2">সদস্য ভর্তি</td><td colspan="2">সঞ্চয় আদায়</td><td colspan="2">ঋণ আদায়</td><td colspan="2">ঋণ বিতরণ</td><td colspan="2">সি এল আদায়</td></tr>
<tr><td>লক্ষ্য মাত্রা</td><td>অর্জন</td><td>লক্ষ্য মাত্রা</td><td>অর্জন</td><td>লক্ষ্য মাত্রা</td><td>অর্জন</td><td>লক্ষ্য মাত্রা</td><td>অর্জন</td><td>লক্ষ্য মাত্রা</td><td>অর্জন</td></tr>
<tr><td>৬০</td><td>২১</td><td>২০.০০</td><td>.৮০</td><td>২১১.২৫</td><td>১৫.০০</td><td>১৭৯.০০</td><td>১০.২৮</td><td>৫২.৭৫</td><td>১.৩৬</td></tr>
</table></td><td>(ক) বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করতে হবে।<br>(খ) ঋণ খেলাপীদের তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) বিতরণকৃত ঋণ আদায়ের লক্ষ্যে কার্যক্রম আরও জোরদার করতে হবে।<br>(ঘ) সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে।<br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td><td>শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>২১</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন কর্মকর্তা জানান যে, উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি’র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করা হয়। তিনি উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা আহ্বান করে কার্যবিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ জানান।</td><td>উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী, এডিপি’র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন এবং তা ওয়েব পোর্টালে আপডেট করতে হবে।</td><td>উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br><br>উপজেলা পর্যায়ে কর্মকর্তা (সকল)<br><br>ইউপি চেয়ারম্যান/ প্রশাসক (সকল)</td></tr>
<tr><td>২২</td><td>জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা</td><td>উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে।</td><td>জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম জোরদার করতে হবে।</td><td>চেয়ারম্যান / প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
<tr><td>২৩</td><td>হজ্ব বিষয়ক</td><td>সভায় জানানো হয় যে, ২০২৬ সালের হজ্ব কার্যক্রমের প্রাথমিক (মূল) নিবন্ধন ২৭</td><td>২০২৬ সালের হজ্ব কার্যক্রমের</td><td>ইউপি</td></tr>
</table>

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | জুলাই থেকে শুরু হয়েছে। এ বছরের প্রাথমিক নিবন্ধন ফি নির্ধারণ করা হয়েছে ৪,০০,০০০ টাকা, যা গত বছর ছিল ৩,০০,০০০ টাকা। এখন থেকেই প্রাথমিক নিবন্ধনের জন্য ৩০,০০০ টাকার পাশাপাশি ৪,০০,০০০ টাকা জমা দিয়ে ২০২৬ এর জন্য পুনঃনিবন্ধন করতে পারবেন। সরকারি ও বেসরকারি উভয় মাধ্যমেই নিবন্ধন করতে হবে ১২ অক্টোবরের মধ্যে। বিষয়টি সাধারণ মানুষের মাঝে প্রচার-প্রচারণা করার জন্য আলোচনা হয়। | বিষয়টি ব্যাপক প্রচার-প্রচারণা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান/ প্রশাসক (সকল) |
| ২৪ | আয় ও ব্যয়ের হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১.১০.২০২৫ তারিখ হতে ৩১.১০.২০২৫ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় ২৫,১৯,১৯৫/- ব্যয় ২,২১,৩৮২/- টাকা এবং স্থিতি ২,১৮,৫৬,৩৫৪/- | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নেত্রকোণা সদর, নেত্রকোণা | |
| ২৫ | বিবিধ-১ | (ক) উপজেলা পরিষদের নভেম্বর/২০২৫ মাসের আপ্যায়ন ও আনুষঙ্গিক বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের প্রিন্টার ক্রয়ের বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদের জুলাই/২০২৫ হতে নভেম্বর/২০২৫ পর্যন্ত মাসের স্থায়ী কমিটির আপ্যায়ন বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদের অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে কোটেশনের মাধ্যমে অফিস সরঞ্জাম ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত মনাং সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) মৃত বীর মুক্তিযোদ্ধাগণের গার্ড অব অনারে শ্রদ্ধা নিবেদনে ফুলের তোড়া ক্রয়ের বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ছ) উপজেলা পরিষদের পত্রিকা বিল পরিশোধের সিদ্ধান্ত গ্রহীত হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক উল্লিখিত ব্যয়সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ২৬ | বিবিধ-২ | গত ১৫/০২/২৪ তারিখে জাতীয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির আলোচনার নির্দেশনামতে সকল ইউনিয়ন পরিষদে ইউডিসির মাধ্যমে বিদেশ গমনেচ্ছুদের আবেদনের ব্যবস্থা এবং ইউডিসি প্রদত্ত সেবার নির্ধারিত মূল্য তালিকা অনুসরণের বিষয়ে আলোচনা হয়।<br><br>তাছাড়া তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | (ক) ইউডিসির মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে বিদেশ গমনেচ্ছুদের আবেদন সেবা চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ইউডিসি'র নির্ধারিত সেবামূল্য তালিকা অনুসরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউপি (সকল) |
| ২৭ | বিবিধ-৩ | ডেঙ্গু মশাবাহিত রোগ নিয়ন্ত্রণে সকল বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট বাজারের ইজারাদারদের পত্র দেওয়ার জন্য সভায় আলোচনা হয়। | বাজারের ইজারাদারদের পত্র দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮ | বিবিধ-৪ | শিক্ষার মানোন্নয়নে প্রতিষ্ঠানে নিয়মিতভাবে (প্রতি তিনমাসে একবার) নিম্নোক্ত সভা অনুষ্ঠানের জন্য আলোচনা করা হয়।<br>(১) শিক্ষক সমাবেশ, (২) অভিভাবক/মা সমাবেশ, (৩) মাদক ও কিশোর গ্যাং বিরোধী সমাবেশ, (৪) যৌতুক নিরোধ সমাবেশ,<br>(৫) ডেঙ্গু নিরোধ/পরিবেশ সংরক্ষণ সমাবেশ, (৬) প্রাত্যহিক সমাবেশ। উক্ত সমাবেশ/সভা অনুষ্ঠান আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য আলোচনা হয়।<br>এছাড়াও ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ ও সাংগঠনিক নেতৃত্বগুণ বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও নিয়মিত কার্যক্রম পরিচালনা বিষয়ে আলোচনা করা হয়। (১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যাণ ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | (ক) সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা/সমাবেশ আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>(খ) ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ, সাংগঠনিক নেতৃত্বগুণ বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও নিয়মিত কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br><br>উপজেলা শিক্ষা অফিসার<br><br>শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | (১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যাণ ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | |

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/১১/২০২৫
(আসমা বিনতে রফিক)
প্রশাসক
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

০৫ অগ্রহায়ণ ১৪৩২
তারিখ: ২০ নভেম্বর ২০২৫

স্মারক নম্বর : ০৫.৪৫.৭২৭৪.০০০.১৮.০০১.১৯- ১১০৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৫. উপজেলা..................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান/প্রশাসক,..................................ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৭. অফিস কপি।

২০/১১/২০২৫
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা